

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নামেম)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়

নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd

তারিখ: ২১/০৭/২০২৫  
০৭/০১/২০২৫

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৬.২২/ ৩৫৬৫

বিষয়: সরকারি ও বেসরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৬৩তম কমিউনিকেশন ইংলিশ কোর্স-এ মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২১-০১-২০২৫ থেকে ১০-০২-২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত সরকারি ও বেসরকারি কলেজে কর্মরত ইংরেজি বিষয়ের প্রভাষকগণের জন্য ৬৩তম কমিউনিকেশন ইংলিশ কোর্স নামে-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি ও বেসরকারি এমপিওভুক্ত কলেজ থেকে ০৪(চার) জন ইংরেজি বিষয়ের প্রভাষক মনোনীত করতে অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষার্থীগণের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম, তাঁদের ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল আইডিসহ তালিকা আগামী ১০-০১-২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে কোর্স পরিচালক প্রফেসর স্বপন কুমার সাহা, প্রশিক্ষণ বিশেষজ্ঞ এর (মোবাইল/হোয়াটসঅ্যাপ: ০১৯৩১৩০০৪০০) e-mail: tsswapansaha.naem@gmail.com)-এ পাঠানোর জন্য অনুরোধ করা হলো:

১. মনোনীত প্রশিক্ষার্থীগণ আগামী ১৬-০১-২০২৫ খ্রি. রাত ১০টার পূর্বে নামেম ওয়েব সাইটে www.naem.gov.bd-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর> অনলাইন রেজিস্ট্রেশন থেকে ফর্ম পূরণপূর্বক কোর্সে যোগদানের বিষয়টি নিশ্চিত করবেন;
২. বেসরকারি কলেজে কর্মরত প্রভাষকগণকে অবশ্যই এপিওভুক্ত ও ইনডেক্স নম্বর প্রাপ্ত হতে হবে;
৩. মনোনীত প্রভাষকগণকে একাদশ-দ্বাদশ শ্রেণির English for Today, সর্বশেষ MPO-এর কপি (বেসরকারি প্রতিষ্ঠানের প্রভাষকের ক্ষেত্রে), পাসপোর্ট সাইজের ২ কপি রঙিন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, EIIN সম্বলিত রিলিজ লেটার, অনলাইন রেজিস্ট্রেশনের প্রিন্টেড কপি ও একটি ১০ টাকা মূল্যমানের রাজস্ব স্ট্যাম্প সঙ্গে আনতে হবে;
৪. আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা করা হবে। হোস্টেলে অবস্থানের ক্ষেত্রে কোর্স শুরুর পূর্বদিন অপরাহ্নে নির্ধারিত হোস্টেলের আসন গ্রহণ বাঞ্ছনীয়;
৫. সরকারি নিয়ম অনুযায়ী কোর্সে অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নামেম থেকে প্রদান করা হবে। তবে প্রাথমিক ব্যয় (থাকা, খাওয়া, শিক্ষাসফরের খরচ) সংকুলানের জন্য আনুমানিক ২০,০০০/- (বিশ হাজার টাকা) সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারীকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য, সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;
৬. যিনি নায়েতে হতে এ প্রশিক্ষণ ইতোপূর্বে গ্রহণ করেছেন তাঁর এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই;
৭. যিনি বিগত এক বছরের মধ্যে নামেম পরিচালিত কোনো প্রশিক্ষণ কোর্সে (FTC, ERM ছাড়া) অংশগ্রহণ করেছেন তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৮. যাঁর বয়স ৫৭ অতিক্রম করেছে তিনি এ কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না;
৯. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১. ২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাত্ক্ষণিক বিমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোনো কারণ ছাড়া কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা রয়েছে;
১০. প্রশিক্ষণ সংক্রান্ত কোন বিষয় জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব মো: আব্দুস সালাম আজাদ, প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নামেম এর (মোবাইল: ০১৭১১৫৭৬৮৪০) সাথে যোগাযোগ করা যেতে পারে;
১১. প্রশিক্ষার্থীগণ হোয়াটসঅ্যাপ ও ইমেইল একাউন্ট খুলে কোর্সের গ্রুপে সংযুক্ত হবেন;
১২. আমন্ত্রণপত্রটি নামেম-এর ওয়েবসাইটে (www.naem.gov.bd) পাওয়া যাবে।

প্রাপক:  
পরিচালক

..... অঞ্চল  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

(প্রফেসর ড. শাহ মো: আমির আলী)  
পরিচালক (প্রশাসন ও অর্থ), নামেম

নং ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০২৬.২২/ ৩৫৬৫ (২৬)

তারিখ: ২১/০৭/২০২৫  
০৭/০১/২০২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা ভবন, ঢাকা (আমন্ত্রণপত্র ও তালিকাসহ);
- ২-৫. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ গবেষণা ও তথ্যায়ন/ প্রশাসন ও অর্থ, নামেম, ঢাকা;
- ৬-৮. উপপরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন/ প্রশাসন ও অর্থ), নামেম, ঢাকা;
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
১০. প্রোগ্রামার, নামেম (তাঁকে আমন্ত্রণ পত্র এবং তালিকা নামেম ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো);
১১. তথ্যায়ন কর্মকর্তা, নামেম, ঢাকা;
১২. সকল হোস্টেল সুপারিনটেনডেন্ট, নামেম, ঢাকা;
১৩. অফিস নথি।

০৭.০৭.২০২৫  
(প্রফেসর স্বপন কুমার সাহা)  
প্রশিক্ষণ বিশেষজ্ঞ নামেম

ও  
কোর্স পরিচালক  
৬৩তম কমিউনিকেশন ইংলিশ কোর্স  
মোবাইল: ০১৯৩১৩০০৪০০